

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

অর্থ মন্ত্রণালয়

অভ্যন্তরীণ সম্পদ বিভাগ

(শুষ্ক)

প্রজ্ঞাপন

ঢাকা, ৯ই জ্যৈষ্ঠ, ১৪০৬ বাংলা। ২৩শে মে, ১৯৯৯ ইংরেজী

নং, এস,আর,ও ১০৫-আইন/৯৯/১৭৮৪/শুষ্ক।— Customs Act, 1969 (IV of 1969) এর Section-19 এবং মূল্য সংযোজন কর আইন, ১৯৯১(১৯৯১ সনের ২২নং আইন)এর ধারা ১৪(১) এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার, জাতীয় রাজস্ব বোর্ডের সহিত পরামর্শক্রমে, জনস্বার্থে, নিম্নবর্ণিত শর্তে বাংলাদেশে তৈল ও গ্যাস অনুসন্ধান, উন্নয়ন, উত্তোলন ও উৎপাদন এবং সি এন জি ফিলিং স্টেশন স্থাপন ও কার্যক্রম পরিচালনার জন্য আমদানিকৃত যন্ত্রপাতি, যন্ত্রাংশ ও পণ্যের উপর প্রযোজ্য সমুদয় আমদানি শুষ্ক, মূল্য সংযোজন কর ও সম্পূরক শুষ্ক এতদ্বারা মওকুফ করিল, যথা:—

- (ক) আমদানিকৃত যন্ত্রপাতি, যন্ত্রাংশ ও পণ্য, তৈল ও গ্যাস অনুসন্ধান, উন্নয়ন, উত্তোলন ও উৎপাদন এবং সি এন জি ফিলিং স্টেশন স্থাপন ও কার্যক্রম পরিচালনার জন্য ব্যবহৃত হইবে মর্মে বিদ্যুৎ, জ্বালানী ও খনিজ সম্পদ মন্ত্রণালয়ের অন্যান্য যুগ্ম-সচিব পদমর্যাদা সম্বন্ধে কোন কর্মকর্তা চালান-ওয়ারী একটি প্রত্যয়ন পত্র দিবেন;
- (খ) এই প্রজ্ঞাপনের আওতায় রেয়াত প্রাপ্ত আমদানিকৃত যন্ত্রপাতি, যন্ত্রাংশ ও পণ্য অন্যবিধ কোন উদ্দেশ্যে ব্যবহৃত হইলে আমদানিকারক “শুষ্ক কর্তৃপক্ষের গৃহীত আইনানুগ যে কোন ব্যবস্থা মানিয়া লইতে বাধ্য থাকিবেন” মর্মে আমদানিকৃত দ্রব্য খালাসের সময়, সংশ্লিষ্ট কমিশনার বরাবরে, একটি অংগীকারনামা দাখিল করিবেন;
- (গ) তৈল ও গ্যাস অনুসন্ধান, উন্নয়ন, উত্তোলন ও উৎপাদন এবং সি এন জি ফিলিং স্টেশন স্থাপন ও কার্যক্রম পরিচালনার সাথে সরাসরি সম্বন্ধে নহে এইরূপ কোন পণ্য যেমন- অফিস সরঞ্জামাদি, এয়ারকন্ডিশনার, রেফ্রিজারেটর, সিডান কার, জীপ বা স্টেশন ওয়াগন ও গৃহস্থালী ব্যবহার্য দ্রব্যাদি এই প্রজ্ঞাপন বলে রেয়াত প্রাপ্ত হইবে না।

২। অত্র বিভাগের ৪ঠা মাঘ, ১৪০০ বাংলা মোতাবেক ১৭ই জানুয়ারী, ১৯৯৪ ইংরেজী তারিখে জারীকৃত প্রজ্ঞাপন এস,আর,ও,নং ২২-আইন/৯৪/১৫৩৯/শুষ্ক এতদ্বারা বাতিল করা হইল।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

স্বাক্ষর/-

(আব্দুল মুয়ীদ চৌধুরী)

সচিব।

